

## প্রেস বিজ্ঞপ্তি

পরিবেশ দূষণের দায়ে ঢাকা, নারায়ণগঞ্জ ও নরসিংদির ৩ (তিন) টি কারখানাকে মোট ৭ লক্ষ ২৮ হাজার ৭৬২ টাকা ক্ষতিপূরণ ধার্য করেছে পরিবেশ অধিদপ্তরের মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট উইং। এছাড়াও মুন্সিগঞ্জে মোবাইল কোর্টে ২০ লক্ষ টাকা জরিমানা আদায় করেছে।

পরিবেশ দূষণবিরোধী অভিযান ও পরিবেশ সংরক্ষণ কার্যক্রমের অংশ হিসেবে আজ ০৮/০২/২০২২ তারিখ পরিবেশ অধিদপ্তরের পরিচালক, মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট উইং এর পরিচালক জনাব মোহাম্মদ মাসুদ হাসান পাটোয়ারী কর্তৃক শুনানী গ্রহণ করা হয়। শুনানী অন্তে পরিবেশ ও প্রতিবেশগত ক্ষতিসাধনের অপরাধে ঢাকা, নারায়ণগঞ্জ ও নরসিংদির ২ (দুই) টি ডাইংসহ মোট ৩ (তিন) টি কারখানাকে মোট ৭ লক্ষ ২৮ হাজার ৭৬২ টাকা ক্ষতিপূরণ ধার্য করেন।

এছাড়াও মুন্সিগঞ্জের সিরাজদিখান উপজেলায় পরিবেশ অধিদপ্তর, মুন্সিগঞ্জ জেলা কার্যালয়ের সহযোগিতায় মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট উইং এর বিজ্ঞ নির্বাহী ম্যাজিস্ট্রেট জনাব কাজী তামজীদ আহমেদ এর নেতৃত্বে ০৪ (চার) টি অবৈধ ইটভাটা থেকে ২০ লক্ষ টাকা জরিমানা আদায় এবং ভাটাগুলোর কার্যক্রম বন্ধ ও ভেঙে দেয়া হয়।

পরিবেশ অধিদপ্তরের মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট উইং এ শুনানী গ্রহণ কার্যক্রম ও পরিবেশ দূষণ বিরোধী অভিযান অব্যাহত থাকবে।

তারিখঃ ০৮/০২/২০২২ খ্রিঃ।

স্বাক্ষরিত/-

(মোঃ রেজুওয়ান ইসলাম)

সহকারী পরিচালক

পক্ষে

পরিচালক (মনিঃ ও এনফোঃ)